

## সৃজনশীলতা কি ট্রাম্পকার্ড?

শাহ জালাল জোনাক

আমাদের শিক্ষার্থীরা স্কুলে  
টোকার সময় মুখ গোমড়া  
করে ঢোকে: কিন্তু ছুটির  
সময় কেন হৈ-হুল্লাড় করে বের হয়?  
উত্তরটিই বোধহয় আমাদের  
শিক্ষাব্যবস্থার অবস্থা জানান দিচ্ছে।  
যদিও সমস্যা কেবল শ্রেণীকক্ষের নয়,  
সমস্যা চতুর্দিকের। তাই সমাধান  
করতেও হবে সব দিক খেয়াল রেখে।  
বাড়াতে হবে শিক্ষার মান। আনন্দদায়ক  
করে তুলতে হবে শিক্ষাকে। কে করবে  
এই কাজ? শিক্ষকদের প্রশিক্ষণ  
দেওয়াসহ সরকারও সবাইকে প্রজ্ঞা  
এগিয়ে আসতে হবে।  
আজকে সৃজনশীলতার কথা বলে কেউ  
এসি রুমে বসে বাতাস খাচ্ছে  
সৃজনশীল গাইড বই বলে কেউ কামিয়ে  
নিচ্ছে লাখ লাখ টাকা কেউবা আবার  
সৃজনশীল প্রশ্নের মডেল টেস্ট নেবে বলে  
পুরো বিভিন্ন ভাড়া করে দিবা ব্যবসা  
জমিয়েছে শিক্ষার্থীদের সঙ্গে।  
'সৃজনশীল' শব্দটি সবার যেন একটি  
ট্রাম্পকার্ড। এটি এতটা ভয়ানক হতো  
না যদি সৃজনশীলের মানেটা সৃজনশীলই  
থাকত। কিন্তু এখন সৃজনশীল মানে  
আরও বেশি প্রশ্ন মুখস্থ করা: এক গাইড  
বইয়ের প্রশ্নগুলো শুধু না বরং আরও  
কিছু গাইড বইয়ের প্রশ্ন মুখস্থ করা: এক  
কোটিং সেন্টার না বরং আরও কয়েকটি  
কোটিংয়ে ভর্তি হওয়া। এদিকে কারও  
বিন্দু পরিমাণও জক্ষেপ নেই, যেন এটা  
খুবই স্বাভাবিক। দিন দিন আমাদের  
ভবিষ্যৎ প্রজন্ম এর মাধ্যমে ক্ষতিগ্রস্ত  
হচ্ছে। শিক্ষাব্যবস্থার বিসর্জন শিক্ষার  
প্রতি আগ্রহ নষ্ট করে দিচ্ছে। শিক্ষার  
মধ্যেও যে আনন্দ থাকতে পারে সেটি  
যেন আজ রূপকথার গল্প। শিক্ষার মধ্যে  
যদি আনন্দ থাকত কেউ চাইত না এই  
পড়াশোনা থেকে সরে আসতে। মজার  
ক্লাস শেষ হয়ে যাওয়াতে তাদের মন  
খারাপ হয়ে যেত। আর কেউ যদি বলে,  
শিক্ষার মধ্যে সব জায়গায় কি-আর  
আনন্দ পাওয়া সম্ভব? শিক্ষা মানেই  
আনন্দ: নতুন কোনো কিছু শেখা মানেই  
মজা। শিক্ষার প্রতিটা মুহূর্তেই একজন  
শিক্ষার্থী আনন্দ পাবে। কিন্তু আগে  
থেকে এমনভাবে আমাদের শিক্ষাব্যবস্থা  
চলে এসেছে যে, শিক্ষার সংজ্ঞাটাই  
আমরা ভুলে গেছি। আমরা চাই এমন  
এক শিক্ষাব্যবস্থা- যা আমাদের আনন্দ  
দেবে, শিক্ষার প্রতি আগ্রহী করে তুলবে,  
আমাদের সৃজনশীলতা বাড়াবে।  
তাহলেই আমরা প্রকৃত শিক্ষিত হতে  
পারব। তবুও আমি স্বপ্ন দেখি, দেশের  
প্রকৃত শিক্ষিত ব্যক্তির মিলে খুব সুন্দর  
একটি শিক্ষাব্যবস্থা আমাদের উপহার  
দেবে।

• শিক্ষার্থী, রাজউক উত্তরা  
মডেল কলেজ